দৈনিক ইত্তেফাক

তারিখ ...27 DEC 1990 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ১ ...

## চট্টগ্রাম ভার্সিটির ভাইস চ্যান্সেলরের ব্যাপারে তদন্ত টীম গঠন করুন

——— চঃ বিঃ শিক্ষক সমিতি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভাইস চ্যান্সেলর অধ্যাপক আলমগীর মোঃ সিরাজুদ্দীনের ভূমিকা নির্ণয়ে একটি তদন্ত টীম গঠনের জন্য তিন জোট ও সর্বদলীয়

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(শেষ পৃঃ পর)

ছাত্র ঐক্যের প্রতি আহ্বান জানাইয়াছে। সমিতির সভাপতি অধ্যাপক ইউসুফ শরীফ আহমদ খান ও সাধারণ সম্পাদক ডঃ আবুল কালাম আজাদ এক বিবৃতিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র ফারুকুজ্জামান ফারুকের মৃত্যুতে শোক প্রকাশ করেন। বিবৃতিতে বলা হয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এরশাদ সরকারের বিরুদ্ধে আন্দোলনে বলিষ্ঠ ভূমিকা পালন করে। এই সময়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের ভূমিকাকে 'গণবিরোধী' আখ্যায়িত করিয়া বিবৃতিতে বলা হয়, ভাইস চ্যান্সেলর স্বীয় গদি রক্ষার জন্য শিক্ষক সমিতির আন্দোলনকে সুকৌশলে ভিন্নখাতে প্রবাহিত করার চেষ্টা করিতেছেন। বিবৃতিতে তাঁহারা ফারুকুজ্জামান হত্যা ও শিক্ষকদের লাঞ্ছিত হওয়ার ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবী করেন।